

তাসখন্ডে অনুষ্ঠিত এসসিও শিখর সম্মেলনে বিদেশসচিবের ভাষণ

১. উজবেকিস্তানের তাসখন্ডে ২৯ নভেম্বর অনুষ্ঠিত সাংহাই সহযোগিতা সংগঠন ভুক্ত(এসসিও) দেশ সমূহের সরকার প্রধানদের পরিষদের সম্মেলনে ভারতীয় প্রতিনিধিদলের নেতৃত্ব দেন বিদেশসচিব শ্রীমতী সুজাতা সিং। পরিষদে ভাষণ দিতে গিয়ে বিদেশসচিব এই অঞ্চলে দ্রুত আর্থিক উন্নয়ন ও যোগাযোগ ব্যবস্থা গড়ে তোলা এবং শান্তি প্রতিষ্ঠা ও সন্ত্রাসবাদ বিরোধিতার উদ্যোগের জন্য এসসিও সংগঠনের ভূমিকার উপর গুরুত্ব আরোপ করেন। আফগানিস্তানে পূর্নগঠন ও পুননির্মাণে এসসিওর দ্বারা বৃহত্তম ভূমিকা পালনের আহ্বান জানান।

২. এসসিও সম্মেলনের ফাঁকে বিদেশসচিব উজবেকিস্তানের উপবিদেশমন্ত্রী মিঃ মুরাদ আসকারভ, উজবেকিস্তানের বাণিজ্য, খনি ও শিল্প মন্ত্রী মিঃ মহম্মাদ্রেজো নেমাতজাদে, আফগানিস্তানের দ্বিতীয় ভাইস-প্রেসিডেন্ট মিঃ মহম্মদ করিম খলিলি এবং এসসিওর মহাসচিব মিঃ দিমিত্রি মেজেনতসেভের সংগে দ্বিপাক্ষিক বৈঠক করেন।

৩. ২০০৫ সাল থেকেই ভারত এসসিওর পর্যবেক্ষক সদস্য হিসাবে রয়েছে। ছয় সদস্যের এই সংগঠন সদস্যতা বৃদ্ধি করার পরিকল্পনা নিয়েছে।

২৯ নভেম্বর ২০১৩